

চিটাগাং কাস্টমস্ ক্লিয়ারিং এন্ড ফরওয়ার্ডিং এজেন্টস্ এসোসিয়েশন
CHITTAGONG CUSTOMS CLEARING & FORWARDING AGENTS ASSOCIATION
সি এন্ড এফ টাওয়ার (১৪তম তলা), ১৭১২, শেখ মুজিব রোড, আখাবাদ বা/এ, ডবলমুরিং, চট্টগ্রাম- ৪১০০।

প্রচার পত্র নং- ৫০/২০১৪

সকল সম্মানিত সদস্য/সদস্যগণের প্রতি,

তারিখঃ ২০/০৭/২০১৪ খ্রিঃ

০৫ শ্রাবণ, ১৪২১বাংলা

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার, জাতীয় রাজস্ব বোর্ড, রাজস্ব ভবন, সেগুনবাগিচা, ঢাকা এর স্মারক নং-১(৩)শঃ প্রঃ প্রঃ ও সঃ/২০১৩/ ২৮, তারিখঃ ১৫/০৭/২০১৪ সম্মানিত সদস্য/ সদস্যবৃন্দের অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে আদেশক্রমে প্রচার করা হল।

স্বাক্ষরিত/-
মোহাম্মদ মুছা
সচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা।

নথি নং-১(৩)শঃ প্রঃ প্রঃ ও সঃ/২০১৩/২৮

তারিখ-১৫/০৭/২০১৪

বিষয় : আমদানি রপ্তানি চালান শুদ্ধায়ন ও খালাস বা প্রেরণ বিষয়ে ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক সংশ্লিষ্ট আমদানিকারক ও রপ্তানিকারককে প্রদত্ত সেবার বিনিময়ে দাবীকৃত সার্ভিস চার্জ আদায় ও বৃদ্ধির যৌক্তিকতা যাচাই ও নির্ধারণের বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডে বিবেচনাধীন থাকাবস্থায় Destination Service Charge (DSC)/NOC Charge বৃদ্ধি না করা প্রসঙ্গে।

সূত্র : বিজিএমইএ এর পত্র নং-বিজিএ/কাস/২০১৪, তারিখ-১০/০৭/২০১৪।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রতি দৃষ্টি আকর্ষণ করা হলো।

২। আমদানি রপ্তানি চালান শুদ্ধায়ন ও খালাস বা প্রেরণ বিষয়ে ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক সংশ্লিষ্ট আমদানিকারক ও রপ্তানিকারককে প্রদত্ত সেবার বিনিময়ে দাবীকৃত সার্ভিস চার্জ আদায় ও বৃদ্ধির বিষয়ে বিগত ০৯/২/২০১৪ তারিখ কাস্টম হাউস, চট্টগ্রামে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত অনুযায়ী এ বিষয়ে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক পূর্বের চার্জ বা ফি বহাল থাকবে। উক্ত সভায় ৩০মার্চ, ২০১৪ এর মধ্যে ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক আদায়যোগ্য Destination Service Charge (DSC)/NOC Charge যৌক্তিকভাবে নির্ধারণের বিষয়েও সিদ্ধান্ত গ্রহণ করা হয়। সিদ্ধান্ত অনুযায়ী পরবর্তীতে রাজস্ব বোর্ডে একাধিক সভা অনুষ্ঠিত হয়। এ সকল সভায় বিজিএমইএ এবং বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন থেকে প্রাপ্ত তথ্য-উপাত্ত এবং আনুষঙ্গিক দলিলাদি পরস্পরের নিকট হস্তান্তর করা হয়। কিন্তু উভয় পক্ষের মধ্যে মত পার্থক্য থাকায় এ বিষয়ে অনুষ্ঠিত সর্বশেষ সভায় আইসিসি বাংলাদেশ এর সভাপতি জনাব মাহাবুবুর রহমান এর বিশেষজ্ঞ মতামত গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়। সে অনুযায়ী সভার দিন-ক্ষণ নির্ধারণ করা হলেও অনিবার্য কারণে সভাটি স্থগিত করা হয়। ইতোমধ্যে আইসিসি বাংলাদেশ এর সভাপতি জনাব, মাহাবুবুর রহমান এর সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তার সম্মতিক্রমে এ সংক্রান্ত সভাটি ঈদ-উল-ফিতর এর পরে আগামী আগষ্ট মাসের প্রথম দিকে অনুষ্ঠানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে। যেহেতু বিষয়টি জাতীয় রাজস্ব বোর্ডের বিবেচনাধীন রয়েছে, সেহেতু এ বিষয়ে চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণের পূর্বে বাংলাদেশ ফ্রেইট ফরওয়ার্ডার্স এসোসিয়েশন কর্তৃক Destination Service Charge (DSC)/NOC Charge বৃদ্ধি করা বা বর্ধিত চার্জ আদায় করা ৯/২/২০১৪ তারিখের সিদ্ধান্তের পরিপন্থী হবে মর্মে জাতীয় রাজস্ব বোর্ড মনে করে।

৩। বর্ণিত পরিস্থিতিতে পরবর্তী সিদ্ধান্ত না হওয়া পর্যন্ত ফ্রেইট ফরওয়ার্ডার্স কর্তৃক পূর্বের চার্জ বা ফি বহাল রাখার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। বিবেচ্য বিষয়ে অনুষ্ঠিতব্য সভার সুনির্দিষ্ট দিন-ক্ষণ শীঘ্রই পত্র মারফত জানানো হবে।

স্বাঃ/-
(মুঃ রইচ উদ্দিন খান)
দ্বিতীয় সচিব (শুল্কঃ নীতি ও বাজেট)।